

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ১০/০১/২০১৫

### শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে জাদুঘরে ২ দিনব্যাপী সেমিনারের আয়োজন

শিল্পাচার্য জয়নুল আবেদিন জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষে ২ দিনব্যাপী সেমিনার আয়োজন করা হয়েছে। ১১ জানুয়ারি ২০১৫ প্রথম অধিবেশন: সকাল ১০টা - ১২টা “শতবর্ষের আলোকে জয়নুল ও প্রাসঙ্গিক শিল্পভাবনা” শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করবেন অধ্যাপক সৈয়দ আজিজুল হক। দ্বিতীয় অধিবেশন: দুপুর ২টা - ৪টা “জয়নুলের শিল্পশিক্ষার আদর্শ” শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করবেন সঞ্জয় চক্রবর্তী। বিশ শতকের আধুনিক শিল্পকলায় সমাজ বাসতবতা: জয়নুলের আধুনিকতার পুনর্মূল্যায়ন শীর্ষক প্রবন্ধ পাঠ করবেন জনাব সুমন ওয়াহিদ।

১২ জানুয়ারি ২০১৫ প্রথম অধিবেশন: সকাল ১০টা - ১২টা ‘জয়নুল আবেদিন: কেন্দ্র শক্তির বিপরীতে প্রান্তিকতার শিল্পী’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করবেন অধ্যাপক আবুল মনসুর। দ্বিতীয় অধিবেশন: দুপুর ২টা - ৪টা ‘গুরুসদয় সংগ্রহশালা: অবিভক্ত বাংলার পূর্বাঞ্চলের সংগ্রহ’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করবেন ড. বিজন কুমার মন্ডল।

সেমিনারের পর আয়োজন করা হয়েছে সেমিনারের সমাপনী অনুষ্ঠান। সমাপনী অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

উপরে বর্ণিত অনুষ্ঠানমালার সংবাদ ধারণের জন্য আপনার জনপ্রিয় গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ ও সংবাদটি প্রচার ও প্রকাশ করতে অনুরোধ জানাচ্ছি।

(নূরে নাসরীন)  
কীপার  
জনশিক্ষা বিভাগ

বার্তা সম্পাদক

.....

ঢাকা।